

নৃতন পাঠক্রম

ত্রিস্তরীয়

২০১৮

বাংলা

(সাধারণ)

দ্বিতীয় পত্র

পুর্ণমান : ৯০

সময় : ৩ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসত্ত্ব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

বিভাগ—ক

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৫×১৫

- ১। ‘পূর্বরাগ’-এর সংজ্ঞা নির্দেশ করে এই পর্যায়ের পদ রচনায় চঙ্গীদাসের কৃতিত্ব  
বিচার করো।

১৫

- ২। 'প্রদর্শন' পর্যায়ের পদে বিদ্যাপতির অন্তরের আকৃতির যে প্রকাশ ঘটেছে,  
পাঠ্যপদ অবলম্বনে তার স্মরণ বিশ্লেষণ করো। ১৫
- ৩। আগমনী পর্যায়ের শাস্তিগানে মাতৃহৃদয়ের যে আকুলতা ধরা পড়েছে,  
পাঠ্যপাদ অবলম্বনে তার পরিচয় দাও। ১৫
- ৪। 'ওরে নবমী নিশি না হইওরে অবসান'—পদচিত্তে মাতৃহৃদয়ের আর্তি প্রকাশে  
পদকর্তার কৃতিত্ব বিশ্লেষণ করো। ১৫
- ৫। 'মেঘনাদবধ কাব্য'-র প্রথম সর্গ অবলম্বনে চিরাঙ্গনা চরিত্রটি ব্যাখ্যা করো।  
১৫
- ৬। 'বলাকা' কাব্য প্রস্তুতি কবি কাকে উৎসর্গ করেন? কাব্যথল্লেক্ষে তোমাদের পাঠ্য  
৩৭ সংখ্যক কবিতাটিতে অভিযন্ত কবির মনোভাব পরিষ্কৃত করো। ১+১৪
- ৭। রবীন্দ্রনাথ ঠাকুরের 'গোড়ায় গলদ' নাটকের বিনোদবিহারী চরিত্রটি বিশ্লেষণ  
করো। ১৫

## বিভাগ—খ

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৩×৫

৮। ‘পিয়া যব আওব এ ময়ু গেহে’—কোন् পর্যায়ের পদ এটি? পদটি অবলম্বনে

পদকর্তার শিল্পী আস্তার স্বরূপ নির্ণয় করো।

১+৪

৯। ‘আজু হাম কি পেখলু নবদ্বীপ চল্দ’—এটি কোন্ পর্যায়ের পদ? পদটির কাব্য

সৌন্দর্য ব্যাখ্যা করো।

১+৪

১০। ‘অস্তে গেলা দিনমণি; আইলা গোধুলি,—

একটি রতন ভালে।’

—কার কোন রচনার অংশ এটি? গোধুলিবেলার প্রকৃতির যে বর্ণনা কবি

দিয়েছেন, তা নিজের ভাষায় লেখো।

২+৩

১১। “আপদ আছে, জানি আঘাত আছে,

তাই জেনে তো বক্ষে পরাণ নাচে—

যুচিয়ে দে, ভাই, পুঁথিপোড়োর কাছে

পথে চলার বিধি-বিধান যাচা।”

—বলাকা কাব্য প্রস্তরের কত সংখ্যক কবিতার অংশ এটি? এটি কোন্‌ পত্রিকায়

প্রথম প্রকাশিত হয়? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১+১+৩

১২। “বিধাতা কোনো বিষয়ে কারও তো মত জিজ্ঞাসা করেন না। আপনাকেই

আপনি পছন্দ করে নিতে পারিনি। যদি পারতুম তাহলে বোধহয় এর চেয়ে

তের ভালো মানুষটিকে পেতুম—কিন্তু তবু তো আপনাকে কম

ভালোবাসিনে—তাকেও বোধহয় তেমনি ভালোবাসব।”

—কে, কাকে কোন্‌ প্রসঙ্গে এ কথা বলেছে?

৫